গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, রাজশাহী
http://doict.rajshahi.gov.bd/

# জেলা আইসিটি বিষয়ক কমিটির ডিসেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | শামীম আহমেদ<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | **১৭ ডিসেম্বর ২০২৩ খ্রি.** |
| সভার সময় | **বেলা ১২.১৫ মিনিট** |
| স্থান | জেলা প্রশাসক, রাজশাহী এঁর সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

জেলা প্রশাসক, রাজশাহী এবং সভাপতি, জেলা আইসিটি কমিটি কর্তৃক সভার শুরুতেই সকল সদস্যকে শুভেচ্ছা জানানো হয়। অত:পর জেলা প্রশাসকের অনুমতিক্রমে প্রোগ্রামার, রাজশাহী ও সদস্য সচিব, জেলা আইসিটি বিষয়ক কমিটি নিম্নোক্ত আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়:

| ক্রম | বিষয় | বিস্তারিত আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | **গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়ীকরণ** | সভায় গত ১৯ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কারোও কোন আপত্তি বা সংশোধনী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | গত ১৯ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | --- |
| ০২. | **ওয়েব পোর্টাল হালনাগাদকরণ** | সভায় উপস্থিত সকল দপ্তর প্রধানকে তাদের নিজ নিজ দপ্তরের তথ্যগুলো নিয়মিত হালনাগাদ করার জন্য অনুরোধ জানানো হয়।<br>জেলা প্রশাসক, রাজশাহী মহোদয় বলেন যে, সকল দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ করতে হবে। | ২.১) জেলার সকল দপ্তর প্রধান তাঁদের নিজ নিজ দপ্তরের পোর্টাল নিয়মিত হালনাগাদ করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর প্রধান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সেই সাথে সকল দপ্তর প্রধানকে মাসে অন্তত ০২ বার ওয়েব পোর্টালে লগইন করার পরামর্শ প্রদান করেন। | ২.২) সকল দপ্তর প্রধান প্রতি মাসে অন্তত ০২ বার ওয়েব পোর্টালে লগইন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল দপ্তর প্রধান |
| ০৩. | ই-নথি | সভাপতি সভাকে অবহিত করেন যে, জেলা প্রশাসকের কার্যালয় ছাড়াও বেশ কিছু দপ্তরে ই-নথি এর পরিবর্তে ডি-নথির কার্যক্রম শুরু হয়েছে। এ ধারা অব্যাহত রাখার অনুরোধ করেন ও অন্যান্য দপ্তরের ডি-নথির কার্যক্রম বেগবান করার পরামর্শ দেন। | যে সকল দপ্তর ই-নথি সিস্টেমে লাইভে রয়েছে, সে সকল দপ্তরকে ই-নথির কার্যক্রম আরও বেগবান করার জন্য অনুরোধ করা হলো। | ই-নথি লাইভে অন্তর্ভুক্ত সকল দপ্তর |
| ০৪. | অনলাইন জন্মনিবন্ধন | উপপরিচালক (স্থানীয় সরকার) সভাকে জানান যে, নভেম্বর/২০২৩ মাসে রাজশাহী জেলায় ০-৪৫ ও ১ বছরের মধ্যে জন্ম নিবন্ধন যথাক্রমে ২৩৫৮ ও ৩২৫৯ জন এবং হার যথাক্রমে ৭৫ ও ১০৪ । এছাড়াও ০-৪৫ ও ১ বছরের মধ্যে মৃত্যু নিবন্ধন যথাক্রমে ৭৪৩ ও ৯০২ জন এবং হার যথাক্রমে ৫৭ ও ৬৯ (পরিশিষ্ট-খ)। | ৪.১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী যথাসময়ে জন্ম ও মৃত্যু নিবন্ধন সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | ই- নামজারি | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সভাকে জানান, সহকারী কমিশনার (ভূমি) গণের কার্যালয় নভেম্বর ২০২৩ মাসে মোট টি ই-নামজারী কার্যক্রম ৮৭৫৬ টি নিস্পত্তি হয়েছে (পরিশিষ্ট-গ) । | ৫.১) সকল সহকারী কমিশনার (ভূমি) কে ই-নামজারি কার্যক্রম শতভাগ সম্পন্ন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারী কমিশনার (ভূমি), (সকল), রাজশাহী |
| ০৬. | শেখ রাসেল ডিজিটাল ল্যাব | সভাপতি বলেন, সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সকল উপজেলা নির্বাহী অফিসার, সকল সহকারী কমিশনার (ভূমি), সহকারী কমিশনার (আইসিটি), প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিসার এবং সকল সহকারী প্রোগ্রামার<br>নিয়মিত সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ পরিদর্শন এবং তদারকি করবেন। | ৬.১) জেলার সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), সহকারী কমিশনার (আইসিটি শাখা), প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামার নিয়মিত পরিদর্শন এবং তদারকি করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হলো। | ০১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), রাজশাহী<br>০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী<br>০৩. সহকারী কমিশনার (ভূমি) (সকল), রাজশাহী<br>০৪. সহকারী কমিশনার, আইসিটি<br>০৫. প্রোগ্রামার, রাজশাহী<br>০৬. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী<br>০৭. সহকারী প্রোগ্রামার (সকল), রাজশাহী |
| ০৭. | মাল্টি মিডিয়া ক্লাসরুম | সকল উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিয়মিত পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং সিস্টেমে মাল্টিমিডিয়া ক্লাস সংক্রান্ত তথ্য শিক্ষকদের আপলোড করার বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে। | ৭.১) সকল উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করে মাল্টিমিডিয়া সংক্রান্ত তথ্য নিয়মিত আপলোড করছেন কিনা দেখবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | ০১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী<br><br>০২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮. | ইউনিয়ন ডিজিটাল সেন্টার | সভাপতি মহোদয় বলেন, রাজশাহী জেলার ইউডিসি ও উদ্যোক্তাদের কাজে সার্বিক সহযোগিতা করতে হবে। তাদের বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগ নিশ্চিত করা অতীব জরুরি। উপস্থাপিত প্রতিবেদনে দেখা যায়, রাজশাহী জেলার ১৪টি পৌর ডিজিটাল সেন্টারের নভেম্বর ২০২৩ মাসে মোট আয় ১,৭৭,৬০০/- টাকা এবং মোট সেবা প্রদান করা হয়েছে ৪,৯৬৩ জনকে। ৭২টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার গত নভেম্বর ২০২৩ মাসে মোট আয় করেছে ৯,৮৪,৬৭৫/- টাকা এবং সেবা প্রদান করেছে ৩৯,২৫৪ জনকে (পরিশিষ্ট-ঘ)। | ৮.১) সকল পৌরসভা ডিজিটাল সেন্টারের কার্যক্রম বাড়াতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হলো। | ০১. উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল), রাজশাহী<br><br>০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাজশাহী |
| ০৯. | তথ্য ও সেবা ৩৩৩, জরুরি সেবা ৯৯৯, স্বাস্থ্যসেবা ১৬২৬৩, দুদক ১০৬, দূর্যোগের আগাম বার্তা ১০৯০ সহ অন্যান্য সকল সরকারি সেবাসমূহ | বাল্যবিবাহ, ভেজাল দ্রব্য, মাদক, ইভটিজিংসহ সকল সামাজিক সমস্যার বিষয়ে জেলা প্রশাসনকে জানাতে ও সরকারি সেবার তথ্য জানতে ৩৩৩ এর গুরুত্ব জনসাধারণের নিকট প্রচারের জন্য সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | ৯.১) ৩৩৩ এর উপকারিতার কথা সর্বসাধারণের মধ্যে ব্যাপক প্রচারণার লক্ষ্যে সকল উপজেলা নির্বাহী অফিসার, শিক্ষা প্রতিষ্ঠান, স্থানীয় ক্যাবল চ্যানেল, ইসলামিক ফাউন্ডেশনকে অনুরোধ জানানো হলো। | ০১. জেলা প্রশাসন, রাজশাহী<br>০২. উপজেলা প্রশাসন, রাজশাহী<br>০৩. রাজশাহী জেলার সকল দপ্তর প্রধানগণ<br>০৪. জেলা তথ্য অফিস (ব্যাপক প্রচারণার জন্য) |
| | | | ৯.২) ৯৯৯ এর উপকারিতার কথা জনসাধারণের মাঝে ব্যাপকভাবে প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হলো। | জেলা তথ্য অফিস (ব্যাপক প্রচারণার জন্য) |
| | | নিরাপত্তা ও আইন-শৃঙ্খলা বিষয়ক সমস্যার সমাধানে বাংলাদেশ পুলিশ বিভাগের সহায়তা গ্রহণের জন্য | ৯.৩) জেলা প্রশাসক, রাজশাহী দুদক এর ১০৬ এর সম্পর্কে বিস্তারিত বলেন। তিনি সকল কর্মকর্তা ও কর্মচারীকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ জানান। | রাজশাহী জেলার সকল দপ্তর প্রধানগণ |
| | | ৯৯৯ এর গুরুত্ব জনসাধারণের নিকট প্রচারের জন্য সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | ৯.৪) তথ্য ও সেবা ৩৩৩, জরুরি সেবা ৯৯৯, স্বাস্থ্যসেবা ১৬২৬৩, দূর্যোগের আগাম বার্তা ১০৯০ সহ অন্যান্য সকল সরকারি সেবাসমূহের তথ্য bangladesh.gov.bd ঠিকানা হতে সংগ্রহের বিষয়টি জনগণের মাঝে ব্যাপক প্রচারণার জন্য সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | রাজশাহী জেলার সকল দপ্তর প্রধানগণ |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৩-০১-২০২৪
শামীম আহমেদ
জেলা প্রশাসক
০২৫৮৮৮৫৭০৫০ (ফোন)
০২৫৮৮৮৫৪৬৮৫ (ফ্যাক্স)
dcrajshahi@mopa.gov.bd

তারিখ: ১৯ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.৮১০০.০০০.০৬.০০১.২০.৮

**বিতরণ :**

১। রাজশাহী জেলা আইসিটি কমিটি।

০৪-০১-২০২৪
মোঃ নূরুজ্জামান দেওয়ান
প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব)

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ডিসেম্বর ২০২৩ মাসের আইসিটি বিষয়ক কমিটির সভার সংযুক্তিসমূহ